## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

**মামলা নং- ৬৪/২০২২**

**অভিযোগকারী :** অধ্যক্ষ জনাব মোঃ আবদুল মজিদ
স্বত্বাধিকারী, পপি লাইব্রেরি
৩৮, বাংলাবাজার, ঢাকা-১১০০।

**বনাম**

**মূল প্রতিপক্ষ :**

১। জনাব মো. আরিফ হোসেন, সভাপতি, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, ৩, লিয়াকত এভিনিউ, ঢাকা-১১০০;

২। জনাব কায়সার-ই-আলম প্রধান, সহ-সভাপতি, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, ৩, লিয়াকত এভিনিউ, ঢাকা-১১০০;

৩। জনাব শ্যামল পাল, সহ-সভাপতি, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, ৩, লিয়াকত এভিনিউ, ঢাকা-১১০০;

৪। জনাব মির্জা আলী আশরাফ কাশেম, সহ-সভাপতি, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, ৩, লিয়াকত এভিনিউ, ঢাকা-১১০০;

৫। জনাব কামরুল হাসান শায়ক, সহ-সভাপতি, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, ৩, লিয়াকত এভিনিউ, ঢাকা-১১০০;

৬। জনাব এম. শরীফ উল আলম, সহ-সভাপতি, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, ৩, লিয়াকত এভিনিউ, ঢাকা-১১০০;

৭। প্রকৌশলী মেহেদী হাসান, সহ-সভাপতি, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, ৩, লিয়াকত এভিনিউ, ঢাকা-১১০০;

৮। জনাব কাজী জহুরুল ইসলাম বুলবুল, পরিচালক (বাপুস) ও আহবায়ক, কেন্দ্রীয় নীতিমালা স্ট্যান্ডিং কমিটি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, ৩, লিয়াকত এভিনিউ, ঢাকা-১১০০;

৯। জনাব কাজী শাহ আলম, পরিচালক (বাপুস) ও সদস্য সচিব, কেন্দ্রীয় নীতিমালা স্ট্যান্ডিং কমিটি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি, ৩, লিয়াকত এভিনিউ, ঢাকা-১১০০;

১০। স্বত্বাধিকারী, লেকচার পাবলিকেশন্স লিমিটেড, ৫ম ফ্লোর, মজুমদার হাউজ, ৩৯ পুরানা পল্টন লাইন, ঢাকা -১০০০;

১১। স্বত্বাধিকারী, পাঞ্জেরি পাবলিকেশন্স লিমিটেড, ৪৩, শিল্পাচার্য জয়নাল আবেদীন সড়ক (পুরাতন ১৬) শান্তিনগর, পিবিএস বুক শপের উপরে, ঢাকা- ১২১৭;

১২। জনাব শ্যামল পাল, স্বত্বাধিকারী, পুঁথিনিলয়, ২, ১ চিত্তরঞ্জন এভিনিউ, ঢাকা-১১০০।

| | | | |
|---|---|---|---|
| **মোকাবেলা প্রতিপক্ষ** | : | ১৩। | ব্যবস্থাপনা পরিচালক, জুপিটার পাবলিকেশন্স, আল-রাজি কমপ্লেক্স (৪র্থ তলা), সি-৪০১-৪০৭, ১৬৬-১৬৭, শহিদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণি, পুরানা পল্টন, ঢাকা-১০০০; |
| | | ১৪। | ব্যবস্থাপনা পরিচালক, কাজল ব্রাদার্স লিমিটেড, ৩৮, বাংলাবাজার, ঢাকা-১১০০; |
| | | ১৫। | স্বত্বাধিকারী, মল্লিক ব্রাদার্স, ৪২, বাংলাবাজার (১ম তলা), ঢাকা-১১০০; |
| | | ১৬। | স্বত্বাধিকারী, গাজী পাবলিশার্স, ৩৭, বাংলাবাজার রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০; |
| | | ১৭। | স্বত্বাধিকারী, জুঁই জেমি প্রকাশনী, ৪০/৪১, ২য় তলা, আহম্মে কমপ্লেক্স, বাংলাবাজার রোড, ঢাকা-১১০০; |
| | | ১৮। | স্বত্বাধিকারী, এ্যানজেল পাবলিকেশন্স, ৩৮, ২য় তলা, বাংলাবাজার রোড, ঢাকা-১১০০; |
| | | ১৯। | স্বত্বাধিকারী, কবির পাবলিকেশন্স, ৩৮/৩, বুকস এন্ড কম্পিউটার কমপ্লেক্স (২য় তলা), বাংলাবাজার, ঢাকা-১১০০; |
| | | ২০। | স্বত্বাধিকারী, সিসটেক পাবলিকেশন্স, ৩৮/৩, বুকস এন্ড কম্পিউটার কমপ্লেক্স (২য় তলা), বাংলাবাজার, ঢাকা-১১০০; |
| | | ২১। | স্বত্বাধিকারী, হাসান বুক হাউজ, ১৫-১৬ প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০; |
| | | ২২। | স্বত্বাধিকারী, গ্রাজুয়েট পাবলিকেশন্স, ৩৮/৩, বুকস এন্ড কম্পিউটার কমপ্লেক্স, বাংলাবাজার, ঢাকা-১১০০; |
| | | ২৩। | স্বত্বাধিকারী, সমন্বয় প্রকাশনী, ৩৮, বাংলাবাজার (নীচ তলা), ঢাকা-১১০০; |
| | | ২৪। | স্বত্বাধিকারী, জ্ঞানগৃহ প্রকাশনী, ৩৮, বাংলাবাজার (১ম তলা) ঢাকা-১১০০। |

**চূড়ান্ত আদেশের তারিখ** : **২৭-০২-২০২৩**

| | | |
|---|---|---|
| কমিশন : | ১। | জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন; |
| | ২। | জনাব জি. এম. সালেহ উদ্দিন, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন; |
| | ৩। | জনাব ড. এ এফ এম মনজুর কাদির, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন; |
| | ৪। | জনাব নাসরিন বেগম, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন; |
| | ৫। | জনাব সালমা আখতার জাহান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। |

**বর্ণিত প্রেক্ষাপট এবং সার্বিক পরিস্থিতি বিশ্লেষণে কমিশন নিম্নরূপ চূড়ান্ত আদেশ প্রদান করেন:**

**চূড়ান্ত আদেশ**

১। প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩নং আইন) এর ধারা ১৭ এর বিধান মোতাবেক বিবেচ্য মামলাটি পক্ষবৃন্দের অর্থাৎ অভিযোগকারী এবং ১১ জন মূল প্রতিপক্ষ ও ১২ জন মোকাবেলা প্রতিপক্ষের সম্মতিতে এবং স্বীকারোক্তিমূলক বক্তব্যের/মন্তব্যের উপর ভিত্তি করে দোতরফাসূত্রে এবং ৬নং মূল প্রতিপক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে, আদেশ নং ২ থেকে ৬ এ উল্লিখিত কতিপয় **পরামর্শ** ও **নির্দেশনাসহ,** নিষ্পত্তি করা হলো।

২। অভিযোগকারী-

(ক) বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির, অতঃপর উক্ত সমিতি বলে উল্লিখিত, সদস্য হিসেবে বাণিজ্য সংগঠন আইন, ২০২২ (২০২২ সনের ৯নং আইন) এর সংশ্লিষ্ট বিধানসমূহ এবং সমিতির জন্য প্রযোজ্য সংঘবিধি, সংঘস্মারক এবং নীতিমালা প্রতিপালনে যত্নশীল ও সতর্ক থাকবে;

(খ) সরকারের সিদ্ধান্ত/অনুমোদন ব্যতীত ভবিষ্যতে রাজধানী, বিভাগীয় শহর, জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে বা অন্য কোনো স্থান বা শিক্ষা প্রতিষ্ঠানে আর্থিক সম্মানি, আপ্যায়ন ইত্যাদির বিনিময়ে নতুন শিক্ষাক্রম সম্পর্কিত আলোচনা ও মতবিনিময় সভা আয়োজন করা থেকে বিরত থাকবে, কেননা সরকারি সিদ্ধান্ত/অনুমোদন ব্যতীত আর্থিক সম্মানি, আপ্যায়ন ইত্যাদির বিনিময়ে এ ধরণের আলোচনা ও মতবিনিময় সভার আয়োজন বাংলাদেশের শিক্ষা ব্যবস্থাকে কলুষিত করার এবং বই ব্যবসার ক্ষেত্রে তার ব্যবসায়িক উদ্দেশ্য সাধনের বিষয়টি প্রশ্নাতীত নয়;

(গ) পুস্তক প্রকাশনা ও বাজারে সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির অন্যান্য সদস্যদের সঙ্গে পূর্ণাঙ্গ সহযোগিতামূলক দায়িত্ব পালন করবে;

(ঘ) পুস্তক প্রকাশনায় চলমান অসুস্থ প্রতিযোগিতা বন্ধ করে ডোনেশনমুক্ত পুস্তক ব্যবসার পরিবেশ নিশ্চিত এবং বাজারে উন্নতমানের পুস্তক প্রকাশনার ক্ষেত্রে পূর্বের ন্যায় ঐতিহ্য বজায় রাখার বিষয়ে দায়িত্বশীল থাকবে।

৩। প্রতিপক্ষগণ-

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৪০ এর বিধান প্রতিপালনের উদ্দেশ্যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে মৌলিক অধিকার লঙ্ঘিত হয় এরূপ কোনো ব্যবস্থা গ্রহণ বা নির্দেশনা জারি করবে না;

(খ) বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সকল সদস্যের প্রতি এক এবং অভিন্ন মনোভাব পোষণ করবে, পক্ষপাতিত্বহীনভাবে আইনানুগ সিদ্ধান্ত গ্রহণে বদ্ধপরিকর থাকবে;

(গ) বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সকল সদস্য বাণিজ্য সংগঠন আইন, ২০২২ (২০২২ সনের ০৯নং আইন) এর সংশ্লিষ্ট ধারা এবং উক্ত সমিতির জন্য প্রযোজ্য সংঘবিধি, সংঘস্মারক এবং নীতিমালা অনুসরণে ব্যবসায়িক কার্য সম্পাদন ও পরিচালনা করছে কিনা সে ব্যাপারে কঠোর নজরদারী রাখবে এবং এ দফায় উল্লিখিত সংশ্লিষ্ট আইনগত দলিল (Legal Instruments) লঙ্ঘনকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে;

(ঘ) ব্যবসা পরিচালনা সংশ্লিষ্ট আইনগত দলিল (Legal Instruments) লঙ্ঘনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে শুধুমাত্র কোনো কাজ করা থেকে বিরত রাখার নির্দেশনা বা নিষেধাজ্ঞা জারি না করে দেশের প্রচলিত আইন অনুসারে ব্যবস্থা গ্রহণে তৎপর থাকবে এবং সংঘবিধি, সংঘস্মারক ও নীতিমালার বিধান অনুসারে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল করার উদ্যোগ গ্রহণ করবে;

(ঙ) বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সদস্য ব্যতিরেকে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড সম্পাদনের মাধ্যমে বাজারকে অস্থিতিশীল করার লক্ষ্যে কোনো কার্যক্রম গ্রহণ করা হলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে করণীয় বিধান, প্রয়োজনে, নীতিমালায় অন্তর্ভুক্ত করার উদ্যোগ নিতে পারে;

(চ) সরকারের সিদ্ধান্ত লঙ্ঘন করে যে সকল প্রকাশক বিভিন্ন নামে সহায়ক পুস্তক প্রকাশ করে সরকার কর্তৃক নির্ধারিত সময়ের পূর্বে বাজারে ছেড়েছে তাদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ পদক্ষেপ গ্রহণ এবং ভবিষ্যতে এ ধরণের কার্যক্রম বন্ধের কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

৪। কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান, লাইব্রেরি বা প্রকাশনী সংস্থা বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সদস্য, হোক বা না হোক, বাংলাদেশের যে কোনো অঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তাদের প্রকাশিত বই সরবরাহ ও বাজারজাত করার ক্ষেত্রে নিজেদের বিরত রাখবে, এক্ষেত্রে সমিতির সংঘবিধি, সংঘস্মারক ও নীতিমালা লঙ্ঘিত হলে, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৫। বিবেচ্য মামলার বিষয়বস্তুর সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্ট রয়েছে এরূপ কোনো সমিতি, লাইব্রেরি, প্রকাশনা প্রতিষ্ঠান কর্তৃক বই ক্রয়-বিক্রয় এবং সরবরাহকালে বাজারে প্রতিযোগিতার ক্ষেত্রে বিরূপ প্রভাব বিস্তারকারী অনুশীলনসমূহ নির্মূল এবং বাজারে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ বজায় রাখার ব্যাপারে সচেতন থাকবে।

৬। বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি বাণিজ্য সংগঠন আইন, ২০২২ (২০২২ সনের ৯নং আইন) **এর বিধান অনুসারে সরকার এর নিকট থেকে প্রাপ্ত লাইসেন্স এর শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকবে, অন্যথায়** বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ধারা ৫ সহ সংশ্লিষ্ট অন্যান্য ধারা ও এতদ্ সম্পর্কিত বিধিমালার বিধানানুসারে সরকার উক্ত লাইসেন্স বাতিল করতে পারবে।

৭। **২ থেকে ৬ নং আদেশে** প্রদত্ত যে কোনো **পরামর্শ বা নির্দেশনা পক্ষবৃন্দ বা সমজাতীয় বাণিজ্য সংগঠন বা ব্যবসা প্রতিষ্ঠান** কর্তৃক **লঙ্ঘন** করা হলে উক্ত **লঙ্ঘনকারী পক্ষ বা ক্ষেত্রমত, সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতিযোগিতা আইন, ২০১২** (২০১২ সনের ২৩ নং আইন) এর বিধান অনুসারে **বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন** থেকে যথাযথ **আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে।**

৮। পক্ষগণ বরাবরে প্রদত্ত ২ থেকে ৬ নং নির্দেশনা/পরামর্শসমূহ প্রতিপালন হচ্ছে কিনা এ বিষয়ে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ইহার পরিদর্শন ও তদারকি কার্যক্রম জোরদার করবে।

আদেশের সত্যায়িত ফটোকপি প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) বরাবরে এবং সদয় অবগতির জন্য বাণিজ্য মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করা হোক।

| | | | | |
|---|---|---|---|---|
| স্বাক্ষরিত/-<br>২৭/০২/২০২৩<br>সালমা আখতার জাহান<br>সদস্য | স্বাক্ষরিত/-<br>২৭/০২/২০২৩<br>নাসরিন বেগম<br>সদস্য | স্বাক্ষরিত/-<br>২৭/০২/২০২৩<br>ড. এ এফ এম মনজুর কাদির<br>সদস্য | স্বাক্ষরিত/-<br>২৭/০২/২০২৩<br>জি. এম. সালেহ উদ্দিন<br>সদস্য | স্বাক্ষরিত/-<br>২৭/০২/২০২৩<br>প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>চেয়ারপার্সন |